

রয় যে কাঙাল শূন্য হাতে, দিনের শেষে  
দেয় সে দেখা নিশীথরাতে স্বপনবেশে ॥  
আলোয় যারে মলিনমুখে মৌন দেখি  
আঁধার হলে আঁখিতে তার দীপ্তি একি—  
বরণমালা কে যে দোলায় তাহার কেশে ॥  
দিনের বীণায় যে ক্ষীণ তারে ছিল হেলা  
ঝঙ্কারিয়া ওঠে যে তাই রাতের বেলা ।  
তন্দ্রাহারা অন্ধকারের বিপুল গানে  
মন্দি ওঠে সারা আকাশ কী আহ্বানে—  
তারার আলোয় কে চেয়ে রয় নির্নিমেষে ॥

---

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Raag: Chhayanat  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail